

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বেলকুচি, সিরাজগঞ্জ  
belkuchi.sirajganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮১১.০০১.০৫.০১৬.২৫- ৩২২

তারিখঃ ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

**অফিস আদেশ**


বেলকুচি উপজেলার ০২ নং রাজাপুর ইউনিয়নের দফাদার জনাব সুধন চন্দ্র তরনী দাস, পিতা- গোপাল চন্দ্র দাস, গ্রামঃ মাইঝাইল, বেলকুচি, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে বিভিন্ন লোক জনের নিকট হতে জালিয়াতি করে টাকা নেয়ার অভিযোগ ও কর্ম হতে অনুপস্থিত থাকার প্রেক্ষিতে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি ২৫/১১/২০২৫ খ্রিঃ তারিখে তদন্ত করে ৩৩.০১.৮৮১১.০০১.০১৬.০০২.২৫/৪০১ নং স্মারকে প্রতিবেদন দাখিল করেছেন।

০২। তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, জনাব সুধন চন্দ্র তরনী দাস (দফাদার) জুলাই/২০২৩ খ্রিঃ তারিখ হতে ইউনিয়ন পরিষদে অনুপস্থিত রয়েছেন। কর্মস্থলে অনুপস্থিত, দায়িত্ব পালনে অবহেলা, অবৈধভাবে টাকা গ্রহণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ করেছেন। তার বিরুদ্ধে আনিত অভিযোগ সত্য বলে প্রতীয়মান হয়েছে।

০৩। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ অনুযায়ী কোন কর্মচারী বিনা অনুমতিতে ৬০(ষাট) দিন বা তদূর্ধ্ব সময় বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় ৩(খ) ও (গ) ধারায় অসদাচরণ ও পলায়নের দায়ে দোষী হন। সে মোতাবেক জনাব সুধন চন্দ্র তরনী দাস (দফাদার) জুলাই/২০২৩ খ্রিঃ তারিখ হতে অদ্যবধি পর্যন্ত ইউনিয়ন পরিষদে অনুপস্থিত থাকায় ৬০(ষাট) দিন বা তদূর্ধ্ব সময়ে অনুপস্থিত রয়েছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ অনুযায়ী ৩(খ) ও (গ) ধারায় অসদাচরণ ও পলায়নের দায়ে দোষী হওয়ার অপরাধ করেছেন।

০৪। ২নং রাজাপুর ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের জনাব সুধন চন্দ্র তরনী দাস, পিতা- গোপাল চন্দ্র দাস, গ্রামঃ মাইঝাইল, বেলকুচি, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনিত অভিযোগ সত্য প্রমাণিত হওয়ায় এ কার্যালয় হতে ২০/০১/২০২৬ খ্রিঃ তারিখের ০৫.৪৩.৮৮১১.০০১.০৫.০১৬.২৫-১১৩ নং স্মারকে রেজিস্ট্রি ডাকে চাকুরী হতে কেন তাকে বরখাস্ত করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭ কার্য দিবসের মধ্যে জবাব দাখিল করতে বলা হয়। কিন্তু অদ্যবধি তিনি কোন জবাব দাখিল করেন নাই বা স্বয়ং উপস্থিত হন নাই।

০৫। অতএব, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) ও (গ) ধারায় অসদাচরণ ও পলায়নের দায়ে দোষী সাব্যস্ত করে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৪(৩) (ঘ) ধারায় গুরুদণ্ড প্রদান করে বিধি মোতাবেক চাকুরী হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হলো।

  
২৬.০২.২৬  
( আফরিন জাহান )

উপজেলা নির্বাহী অফিসার

বেলকুচি, সিরাজগঞ্জ

ফোন নং-০২৫৮৮৮৩৪৩২৬

মোবাইল নং-০১৭৩৩-৩৩৫০৪০

Email: unobelkuchi@mopa.gov.bd

তারিখঃ ২৬/০২/২০২৬ খ্রিঃ

জনাব সুধন চন্দ্র তরনী দাস

পিতা- গোপাল চন্দ্র দাস, গ্রামঃ মাইঝাইল

উপজেলাঃ বেলকুচি, জেলাঃ সিরাজগঞ্জ

স্মারক নং- ০৫.৪৩.৮৮১১.০০১.০৫.০১৬.২৫- ৩২২/১(৪)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ


১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।

৩। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ।

৪। প্যানেল চেয়ারম্যান/ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, রাজাপুর ইউনিয়ন পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।

৫। অফিস কপি

  
২৬.০২.২৬

উপজেলা নির্বাহী অফিসার

বেলকুচি, সিরাজগঞ্জ